গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শালিখা, মাগুরা।
(www.acl.shalikha.magura.gov.bd)

স্মারক নং : ৩১.৪৪.৫৫৮৫.০০০.১১.০০১.২৫.১০(৩০)

তারিখঃ ২৮ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ

## ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারা বিজ্ঞপ্তি :

এতদ্বারা মাগুরা জেলার শালিখা উপজেলায় অবস্থিত ২০ একর পর্যন্ত ০৯(নয়)টি জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে বাংলা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩/১১/২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে অন-লাইনে ইজারা গ্রহণের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের নাম :

| ক্রমিক | জলমহালের নাম | মৌজার নাম ও জে এল নম্বর | জমির পরিমান (আয়তন) | সরকারি ইজারা মূল্য | ১৪৩৩-৩৫সন মেয়াদে ৫% হারে বর্ধিত সরকারি মূল্য | ভ্যাট ও আয়কর |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দিঘী খাস পুকুর | ৬৬ নং দিঘী | ৬.১২ একর | ৩,৩০,৭৫০/- | ৩,৪৭,২৮৮/- | ইজারা মুল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর |
| ০২ | ধোপা বায়সা খাস পুকুর | ২৫ নং থৈপাড়া | ১.১৫ একর | ২৭,৮২৫/- | ২৯,২১৭/- | |
| ০৩ | সিংড়া বাদে টোলা খাস পুকুর | ০৮ নং ধনেশ্বরগাতী | ১.১৫ একর | ২৬,২৫০/- | ২৭,৫৬৩/- | |
| ০৪ | সিংড়া বাজার খাস পুকুর | ২৩ নং সিংড়া মৌজা | ০.৫৫ একর | ৩৯,৩৭৫/-- | ৪১,৩৪৪/- | |
| ০৫ | উচগ্রাম খাস পুকুর | ১৩ নং উচগ্রাম | ০.৬০ একর | ১৩,২০০/- | ১৩,৮০০/- | |
| ০৬. | গুটর পুকুর | ৬৮ নং কুমার কোটা | ০.৮২ একর | ২৪,৬৭৫/- | ২৫,৮৭০/- | |
| ০৭. | ধনেশ্বরগাতী | ০৮ নং ধনেশ্বরগাতী | ১.০৮ একর | ১২,০০০/- | ১২,৬০০/- | |
| ০৮. | আড়পাড়া পুর্বপাড়া | ৬৯ নং আড়পাড়া | ০.২২ একর | ৬,৮২৫/- | ৭,১৬৭/- | |
| ০৯. | আড়পাড়া মোল্যা পাড়া খাস পুকুর | ৬৯ নং আড়পাড়া | ০.৬৩ একর | ৪,০৯৫/- | ৪,৩০০/- | |

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউলঃ

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ০১ মাঘ হতে ১৫ মাঘ ১৪৩২ বাংলা(১৫ জানুয়ারী হতে ২৯ জানুয়ারী ২০২৬) এর মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত | অন-লাইনে ইজারা আবেদন দাখিল |
| ০২. | ১৮ মাঘ হতে ২০মাঘ অর্থাৎ পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত। | অন-লাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |

আবেদনের ক্ষেত্রে ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলি অনুসরণ করতে হবে। শর্তাবলীসহ পূর্ণাঙ্গ ইজারা বিজ্ঞপ্তি (www.acl.shalikha.magura.gov.bd) ওয়েব সাইটে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শালিখা, সহকারী কমিশনার (ভূমি), শালিখা এর কার্যালয়, শালিখা উপজেলার ইউনিয়ন ভূমি অফিসসমূহে, ইউনিয়ন পরিষদ অফিসসমূহে, জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), মাগুরায় পাওয়া যাবে।

CamScanner

আবেদনের শর্তাবলি ঃ

০১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইন ব্যতীত ম্যানুয়ালী আবেদন দাখিল করলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০২. যে সকল জলমহালের উপর উর্দ্ধতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা /স্থিতিবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এ ছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ কার্যক্রম আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

০৩. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি (www.acl.shalikha.magura.gov.bd )ওয়েবসাইটে পাওয়া যাবে।
দাখিলের ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ মোতাবেক নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আবেদন দাখিল করতে হবে। পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্কান করে দাখিলপূর্বক ফরমের মূলকপি (৫০০/- পাঁচশত) টাকার জমার রশিদসহ প্রিন্টেড কপির সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হবে।

০৪. আবেদন ফরম বাবদ উপজেলা নির্বাহী অফিসার শালিখা মাগুরার অনুকূলে যেকোন তফসিলভুক্ত ব্যাংক হতে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাপট/পে-অর্ডার দাখিল করতে হবে।

০৫. প্রত্যেক দরদাতাকে আবেদন পত্রের সাথে আবেদনে উল্লিখিত দরের ২০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মাধ্যমের উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরার অনুকূলে জমা দিয়ে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। লীজ গ্রহীতার শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। সম্ভাব্য সরকারি ইজারা মূল্যের কম মূল্যে জলমহাল ইজারা প্রদান করা হবে না।

০৬. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৭. বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে, তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট দাখিল করতে হবে না।

০৮. আবেদনের সাথে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ এবং নির্বাহী কমিটির সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ সংযুক্ত করতে হবে।

০৯. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

১০. আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, সভাপতি ও সাধারণ সম্পাদকের সত্যায়িত ছবি, নাগরিক সনদপত্র, সকল সদস্য মৎস্যজীবি-এ সংক্রান্ত প্রত্যয়ন পত্র ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা ইত্যাদি সংযুক্ত করতে হবে।

১১. সরকারি মূল্য অপেক্ষা কম দর দাখিল হলে কোন জলমহাল ইজারা প্রদান করা হবে না।

১২. নির্ধারিত সময়ের পর কোন আবেদন সংগ্রহ/দাখিল করা যাবে না।

১৩. লীজগ্রহীতাকে ইজারামূল্য, দাখিলকৃত দরের ১০% আয়কর ও ১৫% ভ্যাট ইজারা প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে সরকারি নীতিমালা মোতাবেক জমা দিতে হবে। অন্যথায় আবেদন বাতিল ও জামানত বাজেয়াপ্ত হবে।

১৪. লীজের সমুদয় অর্থ পরিশোধের পর ইজারা গ্রহীতাকে ৩৫০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ০১ কপি ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন ক্রমেই জলমহালের দখল হস্তান্তর করা হবে না। ০৩ (তিন) বছরের ইজারা মূল্য, আয়কর ও ভ্যাট একসঙ্গে জমা প্রদান করিতে হইবে।

১৫. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না।

১৬. কোন ঘষা-মাজা/কাটাকাটি/ফ্লুইড লাগানো বা ত্রটিপূর্ণ আবেদন ফরম ও দরদাতার স্বাক্ষরবিহীন আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৭. জলমহাল ইজারা বাংলা ১৪৩৩ সালের যে কোন সময় চূড়ান্ত হলেও লীজ প্রাপ্তির মেয়াদ পহেলা বৈশাখ ১৪৩৩ হতে কার্যকর বলে গণ্য হবে।

১৮. ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত বিধিবিধানসমূহ ইজারা গ্রহীতাকে আবশ্যিকভাবে মেনে চলতে হবে এবং ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য লীজ গ্রহীতাকে অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১৯. কোন মৎস্যজীবী সমবায় সমিতিকে দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

২০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই লীজ প্রদান সংক্রান্ত দরপত্র আহবানের কার্যক্রম স্থগিত ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইহা ছাড়া সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ মোতাবেক শর্তবলীতে উল্লিখিত কোন শর্ত ভুলক্রমে উল্লেখ করা না হলেও জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ মোতাবেক সকল শর্তবলী উল্লেখ করা হয়েছে মর্মে নিশ্চিত হবে।

২১/০৭/২৫

মোঃ বনি আমিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শালিখা,মাগুরা।

CamScanner

স্মারক নং : ৩১.৪৪.৫৫৮৫.০০০.১১.০০১.২৫.১০(৩০)

তারিখঃ ২৮ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১. জেলা প্রশাসক, মাগুরা ।

০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাগুরা।

০৩. উপজেলা নির্বাহী অফিসার,শালিখা,মাগুরা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৪. চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ,শালিখা,মাগুরা।

০৫. সম্পাদক, দৈনিক ........................................................................ মাগুরা। তাকে স্বল্প পরিসরে বিজ্ঞপ্তিটি পত্রিকায় .................. ০১(এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।

০৬. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ............................................................ইউনিয়ন ভূমি অফিস,শালিখা,মাগুরা। তাকে হাট ও বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৭. জনাব ............................................................
সভাপতি,......................................................................মৎস্যজীবি সমবায় সমিতি,শালিখা,মাগুরা।

১২.০১.২৬

এম সাব্বির হাসান
সহকারী কমিশনার(ভূমি)
শালিখা, মাগুরা।
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শালিখা,মাগুরা।

CamScanner